# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
বগুড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বগুড়া
ফোন নং- অফিসঃ ০২-৫৮৮৮১৩৪৯৩
Email: ee.bogura@gmail.com

Office of the Executive Engineer
Bogura WD Division, BWDB, Bogura
Phone: Off: 02-588813493
Email: ee.bogura@gmail.com


স্মারক নং-টি-৫/১ তারিখঃ ০১-০৭-২০২৫ খ্রি.।

## "সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বগুড়ার আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার এর স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ মোতবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/-(পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংকড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়ার অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে হবে। আগ্রহী ব্যক্তিবর্গকে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ আগামী ০২-০৭-২০২৫ খ্রি. হতে ৩১-০৭-২০২৫ খ্রি. পর্যন্ত বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

ঠিকাদার/সরবরাহকারী নবায়নের আবেদনের তফসিলঃ

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের ধরণ | তালিকাভূক্তি ও নবায়ন আরম্ভের তারিখ | তালিকাভূক্তি ও নবায়ন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ঠিকাদার/সরবরাহকারী ২০২৫-২০২৬ অর্থ বছরের তালিকাভূক্তি ও নবায়ন | ০২-০৭-২০২৫ খ্রি. | ৩১-০৭-২০২৫ খ্রি. |

ঠিকাদার/তালিকাভূক্তির ( কার্য-ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ-

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩। ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ/বিবরণী, ৪। জাতীয় পরিচয়পত্র, ৫। পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি, ৬। প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, ৭। ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্পের অঙ্গিকার নামা, ৮। অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ২। | আবেদন ফি | ৫০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংকড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়ার অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে হবে। |
| ৩। | তালিকাভূক্তির নিবন্ধন ফি (প্রাথমিক মূল্যায়নের উত্তীর্ণের পরে) | নিবন্ধন ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংকড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়ার অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

ঠিকাদার নবায়নের প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ-

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট |
| ২। | নবায়ন ফি | নিবন্ধন ফি ২০০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ ৩০০ (তিনশত) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংকড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়ার অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

০১/০৭/২০২৫

(মোঃ নাজমুল হক)
নির্বাহী প্রকৌশলী
বগুড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বগুড়া।

স্মারক নং-টি-৫/১/১(১১) তারিখঃ ০১-০৭-২০২৫ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, বগুড়া।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ৭২ গ্রীনরোড, পানি ভবন, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ৭২ গ্রীনরোড, পানি ভবন, ঢাকা।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১ টি বাংলা ও ১ টি ইংরেজি পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

৬। সিএস ও টু মহাপরিচালক, বাপাউবো, ৭২ গ্রীনরোড, পানি ভবন, ঢাকা।

৭। জেলা প্রশাসক, বগুড়া।

৮। পুলিশ সুপার, বগুড়া।

৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, বগুড়া পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/সারিয়াকান্দি পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, বগুড়া।

১০। হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া।

১১। প্রাক্কলনিক/ট্রেসার, বগুড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বগুড়া। তাদেরকে ঠিকাদারের তালিকাভূক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভূক্তি নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১২। দপ্তর কপি।

০১/০৭/২০২৫

নির্বাহী প্রকৌশলী
বগুড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বগুড়া।